

তারিখ: ২৮/০৭/২০২০ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে শুধুমাত্র অনলাইন (www.xiclassadmission.gov.bd) মাধ্যমে আবেদন করতে হবে। শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল। ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজের ওয়েবসাইট (www.rangamaticollege.gov.bd) এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:

১.১ যেকোন শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স হবে ২২ বছর।

১.২ বিদেশি কোন বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক সনদের মান নির্ধারণের পরে দফা ১.১ এর অধীনে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

১.৩ ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা: বিজ্ঞান গ্রুপে- জিপিএ ৩.৭৫, ব্যবসায় শিক্ষা গ্রুপে- ৩.৫০ এবং মানবিক গ্রুপে- ৩.০০ প্রাপ্ত হতে হবে।

১.৪ নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে:

- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী- বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;
(খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী- মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;
(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী- ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি;

২। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:

২.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবলমাত্র এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

২.২ (ক) মেধার ভিত্তিতে ভর্তির পরে মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটা যদি প্রার্থী পাওয়া না যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

(খ) প্রতিবন্ধী শিক্ষার্থী অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়্যালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তির সময় প্রমাণপত্র দাখিল করতে হবে।

(গ) বিকেএসপি/প্রবাসীদের সন্তান/খেলাধূলা ও সাংস্কৃতিক ক্ষেত্রে পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়্যালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তির সময় প্রমাণপত্র দাখিল করতে হবে।

৩। রাঙ্গামাটি সরকারি কলেজ EHN: 107818

৪। একাদশ শ্রেণিতে ভর্তির জন্য বোর্ড কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা: বিজ্ঞান গ্রুপ-৩৩০, মানবিক গ্রুপ- ৩৮৭, ব্যবসায় শিক্ষা- ৩৫২।

৫। একজন শিক্ষার্থী অনলাইনে ১৫০/- (এক শত পঞ্চাশ টাকা) আবেদন ফি জমা (পেমেন্ট অপারেটর: সোনালী ব্যাংক, টেলিটক, নগদ, বিকাশ, রকেট ও শিওর ক্যাশ) সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের জন্য পছন্দক্রম ভিত্তিতে আবেদন করবে। যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

ক্রঃ নং	বিবরণ	তারিখ
৬.১	অনলাইন মাধ্যমে আবেদন গ্রহণ	০৯/০৮/২০২০ থেকে ২০/০৮/২০২০
৬.২	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৫/০৮/২০২০ (রাত ৮.০০ টায়)
৬.৩	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২৬/০৮/২০২০ থেকে ৩০/০৮/২০২০
৬.৪	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	৩১/০৮/২০২০ থেকে ০২/০৯/২০২০
৬.৫	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	০৪/০৯/২০২০ (রাত ৮.০০ টায়)
৬.৬	২য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	০৪/০৯/২০২০ (রাত ৮.০০ টায়)
৬.৭	২য় পর্যায়ে শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	০৫/০৯/২০২০ থেকে ০৬/০৯/২০২০
৬.৮	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	০৭/০৯/২০২০ থেকে ০৮/০৯/২০২০
৬.৯	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১০/০৯/২০২০ (রাত ৮.০০ টায়)
৬.১০	৩য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১০/০৯/২০২০ (রাত ৮.০০ টায়)
৬.১১	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১১/০৯/২০২০ থেকে ১২/০৯/২০২০
৬.১২	কলেজভিত্তিক চূড়ান্ত ফল প্রকাশ	১৩/০৯/২০২০ (সকাল ৮.০০ টায়)
৬.১৩	ভর্তি	১৩/০৯/২০২০ থেকে ১৫/০৯/২০২০

- *** প্রয়োজন: ১। জনাব মোহাম্মদ নুরুল করিম, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) - মোবাইল: ০১৭৭৭৬৯৪০০১
২। জনাব সফিকুল ইসলাম প্রভাষক, প্রভাষক (হিসাববিজ্ঞান) - মোবাইল: ০১৮১৬২৮৬৮৩১
৩। জনাব দেবব্রত চাকমা, প্রদর্শক (রসায়ন) - মোবাইল: ০১৫৫৬৭০০৯৫১

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

২৮.০৭.২০২০
আস্থায়ক
একাদশ ভর্তি কমিটি/২০২০-২০২১
রাঙ্গামাটি সরকারি কলেজ